

Kumudini Bulletin

September=December: 2024

কুমুদিনী বুলেটিব

(মেক্টেমর = ডিমেমর : ২০২৪)

শহীদ দানবীর রণদা প্রাসাদ সাহা–র ১২৮তম জন্মজয়ন্তী উদ্যাপিত

128th Birth Anniversary of Philanthropist Shaheed R P Shaha Celebrated



Discussion meeting and cultural programme held at the ancestral home of philanthropist Shaheed R P Shaha on the occasion of his 128th birthday anniversary.

গত ১২ই নভেম্বর কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার ১২৮তম জন্মজয়ন্তী পালিত হয়।

উল্লেখ্য, রণদাপ্রসাদের জন্ম ১৮৯৬ সালের ১৫ই নভেম্বর উত্থান একাদশী তিথিতে। ২০২৪ সালের বর্ষপঞ্জী অনুসারে এবার এই জন্মতিথির তারিখ ১২ই নভেম্বর। ১২৮ বছর আগে এই শুভতিথিতে তিনি জন্মগ্রহণ করেন।

তাঁর জন্মজয়ন্তী উপলক্ষে মির্জাপুরে দিনব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকাল সাড়ে ছ'টায় তাঁর পৈতৃক বাড়িতে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়।

কুর্মুদিনী হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড বর্ণিল সাজে সজ্জিতকরণ, দুপুরে হাসপাতালে চিকিৎসারত রোগীদের মাঝে উন্নত খাবার পরিবেশন এবং স্বেচ্ছায় রক্তদান জনাজয়ন্তী উদ্যাপন কর্মসূচির অন্তর্ভুক্ত ছিল।

বিকাল ৩টায় মির্জাপুর গ্রামে 'রণদা নাটমন্দির'-এ এলাকাবাসীর উদ্যোগে এক আলোচনা সভা ও সাংক্ষৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। কুমুদিনী হাসপাতালের পরিচালক ও হরিসভা কমিটির সভাপতি ডা. প্রদীপ কুমার রায়ের সভাপতিত্বে আয়োজিত উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন The 128th birth anniversary of Shaheed philanthropist Ranada Prasad Shaha, founder of about a hundred-year-old Kumudini Welfare Trust (KWT), was celebrated on November 12. On this occasion various programmes were organized at his ancestral home in Mirzapur. At 6:30 in the morning the ceremony began with the offering of tributes. The celebration programmes included colourful decoration of various wards of Kumudini Hospital, serving special foods to the hospital patients at noon, voluntary blood donation programme at *Ranada Natmondir* and a grand evening function at Bharateswari Homes. At 3pm, a discussion meeting and cultural programme was arranged at *Ranada Natmondir* in Mirzapur village at the initiative of residents. Organized under the chairmanship of Dr. Pradip Kumar Roy the DC of Tangail Ms Sharifa Haque was present



টাঙ্গাইলের জেলা প্রশাসক শরীফা হক। বিশেষ অতিথি ছিলেন মির্জাপুরের ইউএনও এ বি এম আরিফুল ইসলাম। as the chief guest in the event. The UNO of Mirzapur Mr ABM Ariful Islam was the special guest.



Ms Rahi Shaha, great-granddaughter of Shaheed R P Shaha, speaking about her great-grandfather.

সান্ধ্যকালীন অনুষ্ঠানটি উদ্যাপিত হয় ভারতেশ্বরী হোম্সের সবুজ প্রাঙ্গণে। হোম্সের ছাত্রীদের পাইপ ব্যান্ড প্রদর্শন, তাদের মনোমুগ্ধকর কুচকাওয়াজ ও ডিসপ্লে, আর পি সাহা—র অবদান ও কীর্তির উপর নির্মিত ভিডিও চিত্র প্রদর্শন এবং শত সহস্র প্রদীপ প্রজ্বালনের সঙ্গে মৌন প্রার্থনা অনুষ্ঠানটির অন্যতম আকর্ষণ ছিল।

উল্লেখ্য, কুমুদিনী উইমেস মেডিকেল কলেজ, কুমুদিনী নার্সিং স্কুল অ্যান্ড কলেজ, ভারতেশ্বরী হোম্স এবং নারায়ণগঞ্জে আর পি সাহা বিশ্ববিদ্যালয়ে জনাজয়ন্তী উপলক্ষে ভিন্ন ভিন্ন কর্মসূচি পালিত হয় (বিশ্ববিদ্যালয় সংবাদ দ্রষ্টব্য, পৃষ্ঠা: ১০)। ● The evening function was celebrated in the green courtyard of Bharateswari Homes. The pipe band performance of the girl students, their mesmerizing parade and callisthenic display, presentation of videos on the achievements of R P Shaha and the lightings of hundreds of candles were among the highlights of the evening events.

Besides, different programmes were celebrated in memory of the day at Kumudini Medical College, Bhateswari Homes and R P Shaha University in Narayanganj (See RPSU News at page-10).



Bharateswari Homes Pipe Band team performing on the birthday of founder of KWT.





পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন

Environment Adviser Syeda Rizwana Hasan Visits Kumudini Complex



Syeda Rizwana Hasan, Adviser for Environment, Forest and Climate Change on a visit to Kumudini.

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান গত ৬ই নভেম্বর মির্জাপুরে অবস্থিত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট পরিদর্শন করেন।

ঐদিন সন্ধ্যায় কুমুদিনী কমপ্লেক্স পৌছালে তাঁকে পুষ্পন্তবক দিয়ে বরণ করে নেয়া হয়। এসময় ট্রাস্টের দুই পরিচালক প্রতিভা মুৎসুদ্দী ও শ্রীমতী সাহা, কুমুদিনী হাসপাতালের পরিচালক, কুমুদিনী মহিলা মেডিকেল কলেজের অধ্যক্ষ, কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষা ও ভারতেশ্বরী হোম্সের অধ্যক্ষাসহ কমপ্রেক্সের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

ভারতেশ্বরী হোম্সের ছাত্রী সংসদের সদস্যগণ সম্মানিত উপদেষ্টাকে গার্ড অব অনার প্রদান করে। তাঁকে এবং তাঁর সহযাত্রীদের ভারতেশ্বরী হোম্স চত্বরে ছাত্রীদের পাইপ ব্যান্ড মিউজিক দল স্বাগত জানান।

উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান দানবীর রণদা প্রসাদ সাহা-র স্মৃতি বিজড়িত প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে মুগ্ধ হন। তিনি মন্তব্য করেন, "সমৃদ্ধ মানবসেবার ইতিহাস আর ঐতিহ্যের স্মারক এই কুমুদিনী কমপ্লেক্সে এসে জনকল্যাণের নতুন প্রত্যায় নিলাম। আমি প্রতিষ্ঠানের সর্বাঙ্গীন মঙ্গল কামরা করি"।

Syeda Rizwana Hasan, Adviser for Environment, Forest and Climate Change visited Kumudini Complex in Mirzapur in the evening on November 6. On reaching the Complex, she was welcomed with a floral bouquet. Directors of KWT Ms Protiva Mutsuddi and Mrs Srimati Shaha, Director of Kumudini Hospital, teachers and officials of all institutions in the Complex including the Principals of KWMC, Kumudini Nursing College and Bharateswari Homes were present.

A guard of honour was presented to the Adviser by the members of the students' union of Bharateswari Homes. She and her entourage were welcomed by the girls' pipe band music team of Homes.

Environment Adviser Mrs Rizwana was impressed seeing all the institutions founded by R P Shaha. After her short visit to Kumudini she commented, "Coming to Kumudini I take a new commitment to public service being inspired by the selfless service and tradition of KWT".



কুমুদিনীর সাবেক এমডি জয়া পতি-র জন্মদিন পালিত

Birthday of Former MD of KWT late Joya Pati Celebrated



Mrs Joya Pati (12 Sept 1932 - 9 Dec 2016).

গত ১২ই সেপ্টেম্বর নানা কর্মসূচির মধ্য দিয়ে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের সাবেক ব্যবস্থাপনা পরিচালক প্রয়াত জয়া পতির জন্মদিন পালিত হয়।

এই উপলক্ষে কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতন-এ এক আলোচনা সভার আয়োজন করা হয়। ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দির সভাপতিত্বে অনুষ্ঠিত জয়া পতির জীবনালোচনা ভিত্তিক এই সভায় আলোচনায় অংশ নেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক শ্রীমতী সাহা ও কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষা সিস্টার রীনা ক্রুশ প্রমুখ। অনুষ্ঠানে মিসেস পতির আত্মার শান্তি কামনায় চার ধর্মগ্রন্থ থেকে পাঠ শেষে নীরব প্রার্থনা করা হয়।

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চলাকালে কুমুদিনীর প্রতিষ্ঠাতা ব্যবস্থাপনা পরিচালক শহীদ রণদা প্রসাদ সাহার অপহরণের পর কন্যা জয়া পতি তাঁর স্থলাভিষিক্ত হন। তিনি ট্রাস্টের অসহায়ত্ব দূর করে কাণ্ডারির ভূমিকায় অবতীর্ণ হন। দীর্ঘ ৩০ বছর তিনি এই দায়িত্ব পালন করেন এবং স্বাধীনতা যুদ্ধোত্তর কালে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টকে নতুনভাবে গড়ে তুলতে ব্রতী হন।

কুমুদিনীর সর্বোচ্চ পদে দায়িত্ব পালনের পাশাপাশি তিনি মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, রিলায়েন্স ইনস্যুরেন্স, মাইডাস, ফোর্ড ফাউন্ডেশন, জাতীয় কারুশিল্প পরিষদ, বাংলাদেশ জুট অ্যাসোসিয়েশন, তাঁত বোর্ড প্রভৃতি সংস্থার নীতি নির্ধারক পদে দায়িত্ব পালন করেন।

মিসেস পতি ১৯৭৩ সালে কুমুদিনী হাসপাতালকে কেন্দ্র করে প্রতিষ্ঠা করেন কুমুদিনী নার্সিং ক্ষুল যা বর্তমানে কুমুদিনী নার্সিং কলেজ হিসেবে সুপরিচিত। এরপর শ্রমজীবী ও অসহায় নারীদের নিয়ে গড়ে তোলেন কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস। দেশে জামদানী শাড়ি নিয়ে গবেষণায় তিনি পৃষ্ঠপোষকতা দিয়েছেন। প্রচলিত শিক্ষাব্যবস্থা থেকে ঝরে পড়া তরুণদের জন্য তিনি ১৯৮৪ সালে নারায়ণগঞ্জে প্রতিষ্ঠা করেন ট্রেড ট্রেনিং ক্ষুল। নারায়ণগঞ্জে তাঁরই উদ্যোগে প্রতিষ্ঠিত হয় কুমুদিনী গার্মেন্টস।

পিতা রণদা প্রসাদের আদর্শে সময়ের প্রয়োজনের সাথে সামঞ্জস্য রেখে ট্রাস্টের কাজকর্মকে গতিশীল করতে তিনি আপ্রাণ চেষ্টা করে গেছেন। On September 12, the birth anniversary of late Joya Pati, former Managing Director of KWT, was celebrated at Mirzapur Kumudini Complex amid various programme. On this occasion, a discussion meeting was organized at *Ananda Niketan* in the Complex. The meeting was held under the chairmanship of Director KWT Ms Protiva Mutsuddi, MD KWT Mr Rajiv Prasad Shaha, Director KWT Mrs Srimati Shaha and Principal Kumudini Nursing College Sister Rina Cruz participated in discussion.

A silent prayer was offered after recitation from four holy scriptures for the peace of Joya Pati's departed soul.

During the liberation war of Bangladesh in 1971, her father Kumudini's founding Managing Director philanthropist R P Shaha was tragically abducted. After this incident Mrs Pati succeeded her father as MD and successfully played the role of a real leader for about 30 years.

She was born on 12 September 1932 and died on 9 December 2016 in London. Her funeral was held at her ancestral village in Mirzapur. In addition to serving in Kumudini, Mrs Pati held policy-making positions in organizations such as Metropolitan Chamber of Commerce and Industry, Reliance Insurance, Midas, Ford Foundation, National Crafts Council, Bangladesh Jute Association, Weaving Board etc.

She founded Kumudini Nursing School in 1973 which has now been converted to Kumudini Nursing College. Kumudini Handicrafts was established with the working women and gave patronage to Jamdani saree research. She established a Trade Training School in Narayanganj in 1984 for the youth who dropped out of the conventional education system. Kumudini Garments was established there on her own initiative.





Mrs Srimati Shaha, Director KWT, speaking on the occasion of Mrs Joya Pati's 92th birthday.

জয়া পতি একাধারে মেধাবী শিক্ষক, যোগ্য প্রশাসন পরিচালক ও সফল নারী উদ্যোক্তা। তাঁর জন্ম ১৯৩২ সালের ১২ই সেন্টেম্বর এবং মৃত্যু ২০১৬ সালের ৯ই ডিসেম্বর লন্ডনে। তাঁর অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হয় পৈতৃক নিবাস মির্জাপুর গ্রামে।

উল্লেখ্য, পিতার দ্বিতীয় কন্যা জয়া পতি তাঁর স্বনামধন্য পিতার আদর্শে গড়ে ওঠা এক বিদুষী নারী।

১৯৫০ সালে লন্ডনের কিংস কলেজ থেকে শরীরচর্চা বিষয়ে উচ্চ শিক্ষা লাভ করে দেশে ফিরে তিনি ভারতেশ্বরী হোম্সের অধ্যক্ষার দায়িত্ব পালন করেন। মুক্ত চিন্তা ও সংক্ষারমুক্ত জয়া পতি তাঁর ছাত্রীদের আত্মপ্রত্যয়ী, মর্যাদাশীল ও স্বাবলম্বী হিসেবে গড়ে তোলার শিক্ষা দেন।

ষাস্থ্যগত কারণে তিনি ২০০০ সালে ছোট ভাইয়ের ছেলে রাজীব প্রসাদ সাহা-কে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব অর্পণ করে লন্ডনে ফিরে যান।

Following the ideals of her great father Ranada Prasad Shaha, she tried her best to speed up the work of Trust in accordance with the needs of the time. Mrs Pati was a talented teacher, competent administrator and successful women entrepreneur. The second daughter of her father, Mrs Pati was a scholar lady,

The second daughter of her father, Mrs Pati was a scholar lady, too. In 1948, after receiving higher education in physical education from King's College, London, she returned home and served as the Principal at Bharateswari Homes. She taught her students to be self-confident, dignified and self-reliant.

In 2000 due to health reasons her nephew Mr Rajiv Prasad Shaha, son of Shaheed Bhabani Prasad Shaha, was entrusted with the entire responsibility of the Managing Director of Kumudini Welfare Trust and she returned to London with her family members.



Students rendering songs on the occasion of Mrs Pati's birthday celebration.





কুমুদিনীর দুর্গোৎসব: সাম্প্রদায়িক সম্প্রীতির এক অনন্য দৃষ্টান্ত

দানবীর রণদা প্রসাদ সাহা–র মির্জাপুরের পৈতৃক বাড়ির পূজামণ্ডপে প্রতি বছরের মতো এবারও সাড়ম্বরে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের শারদীয় দুর্গা পূজা অনুষ্ঠিত হয়।

চারদিনের এই উৎসবকে কেন্দ্র করে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়।
পূজার মাঙ্গলিক আয়োজন ছাড়াও সাধারণ দর্শনার্থী ও দেশী–বিদেশী
অতিথিদের আপ্যায়ন, সম্প্রদায় নির্বিশেষে গরীব দুঃখীদের মধ্যে বন্ধ্র বিতরণ,
সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদির আয়োজন ছিল।

Durga Puja at Kumudini: A Unique Example of Communal Harmony

Like every year Durga Puja, the autumn religious festival was held from October 10 to 13 at R P Shaha's ancestral home in Mirzapur. Various events were organized by KWT every day in the four-day long festival. Apart from the arrangement of Puja, entertainment of general visitors, local and foreign guests, distribution of clothes among the poor and needy people irrespective of community, evening *aarati* (greeting the deity) and cultural programmes were organized on these days.



Dance performance of two sisters, Reedhi and Rahi, at Puja Mandap.

পূজা উপলক্ষে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা সবাইকে শুভেচ্ছা ও পরিদর্শনকারী অতিথি অভ্যাগতদের স্বাগত জানান। পূজামণ্ডপ পরিদর্শনকারী বিশিষ্ট ব্যক্তিদের ছিলেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি সৈয়দ রিফাত আহমেদ, ব্রাজিলের রাষ্ট্রদূতের দ্বী ইলিয়ান অ্যালক্যানতারা ফেরেস, সুইডেন দূতাবাসের ডেপুটি হেড অব মিশন মারিয়া স্ট্রিড্সম্যান ও ফার্স্ট সেক্রেটারি জোহান্না মারটিনসন, ব্রিটিশ হাইকমিশনের ডেপুটি হাইকমিশনার জেমস গোল্ডম্যান, সুইচ দূতাবাসের ডেপুটি হেড অব মিশন করিন হেঞ্চোজ পিগনানি, নেপাল দূতাবাসের উপপ্রধান সিলওয়াল ও দ্বিতীয় সচিব যোজনা বামজান, বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর আবদুলায়ে সেক ও তাঁর দ্রী হাদজা সাতা সেক, বিএনপির সিনিয়র নেতা আমীর খসক মাহমুদ চৌধুরী, ডেইলি স্টার-এর সম্পাদক মাহফুজ আনাম ও তাঁর দ্রী শাহীন আনাম, এনজিও কর্মী খুশী কবির ও তাঁর পরিবার, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সুলতানা কামাল, পুলিশের ঢাকা রেঞ্জের এডিশানেল ডিআইজি মো. মুন্তাফিজুর রহমান, হলি সি-ভেটিকান দূতাবাসের অ্যামবেসাডার মান্যবের রেভা. কেভিন আর রেন্ডল, শ্রোভাক প্রজাতন্ত্রের কনস্যালেট প্রতিনিধি নাইমা আলী প্রমুখ। ●

Mr Rajiv Prasad Shaha, MD of the Trust, greeted every visitor and welcomed the guests on the occasion of Puja. Among the prominent visitors were Bangladesh Supreme Court Chief Justice Syed Rifaat Ahmed, Ambassador of the Holy See-Vatican Embassy Rev. Kevin R Randall, wife of Ambassador of Brazil Mrs Eliane Alcantara Feres. Deputy Head of Mission of the Embassy of Sweden Ms Maria Stridsman and First Secretary Ms Johanna Martinsson, Deputy High Commissioner of Britain Mr James Goldman, Deputy Head of Mission of Switzerland Mr Corinne Henchoz Pignany, Deputy Chief of Embassy of Nepal Ms Lalita Silwal and Second Secretary Ms Yojana Bamjan, Country Director of World Bank Mr Abdoulaye Seck and his wife Mrs Hadja Sata Seck, senior leader of BNP Mr Amir Khashru Mahmud Chowdhury, Daily Star editor Mr Mahfuz Anam and his wife Mrs Shaheen Anam, NGO worker Ms Khushi Kabir, former adviser of caretaker govt Ms Sultana Kamal, Additional DIG of Police (Dhaka Range) Md Mustafizur Rahman, Consular Representative of the Slovak Republic Mrs Nayeema Ali and others.



VISIT OF LOCAL AND FOREIGN GUESTS ON THE OCCASION OF PUJA FESTIVAL
















VISIT OF LOCAL AND FOREIGN GUESTS ON THE OCCASION OF PUJA FESTIVAL





কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটের এক যুগ পূর্তি

KWMC Dental Unit Completes 12 Years of Inception



কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের 'ডেন্টাল ইউনিট' এর প্রতিষ্ঠার ১২ বছর পূর্তি উপলক্ষে গত ৮ই ডিসেম্বর কলেজের 'সতীশ বণিক' হলে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শম্পা সাহা। উপস্থিত ছিলেন কলেজের ডেন্টাল ইউনিটের শিক্ষক ও শিক্ষার্থীগণ এবং এমবিবিএস এর শিক্ষক–শিক্ষার্থীবন্দ।

কেক কাটার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। প্রধান অতিথি অনুষ্ঠানের শুরুতে ডেন্টাল ইউনিটের ১২ বছর পূর্তি উপলক্ষে সকলকে অভিনন্দন জানান। তিনি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে ডেন্টাল ইউনিটের গৌরবময় ইতিহাস তলে ধরেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ প্রফেসার ডা. মো. আবদুল হামিদ, কলেজের উপাধ্যক্ষ প্রফেসার ডা. নিরঞ্জন চন্দ্র বসাক, ডেন্টাল পাবলিক হেলথ বিভাগের প্রধান সহযোগী অধ্যাপক ডা. মুহাম্মদ রাজিউল হক, ডেন্টাল ইউনিটের প্রধান প্রফেসার ডা. জালাল উদ্দিন মাহমুদ এবং কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়। বক্তারা সকলে ডেন্টাল ইউনিটের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন।

উল্লেখ্য, ডেন্টাল ইউনিটের ডাক্তারগণ কুমুদিনী হাসপাতালে সাফল্যের সাথে রোগীদের নামমাত্র খরচে দাঁতের চিকিৎসা দিয়ে খ্যাতি অর্জন করেছেন। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল ডেন্টাল ইউনিটের ছাত্রীদের উপদ্থাপনায় একটি মনোরম সাংস্কৃতিক অনুষ্ঠান। On the occasion of the 12th anniversary of the opening of the Dental Unit of KWMC a discussion and cultural programme was held at Satish Banik Hall of the college on December 8. The chief guest of the event was Director of KWT Mrs Shampa Shaha. Teachers and students of the college attended. The ceremony started with the cutting of a cake. At the beginning of the programme, the chief guest congratulated everyone. In her brief speech she highlighted the glorious history of the Dental Unit of KWMC.

Among others, Principal KWMC Prof Dr M A Halim, Vice Principal Prof Dr Niranjan Chandra Basak, Head of Dental Unit Prof Dr Jalaluddin Mahmud, Head of Dental Public Health Associate Professor Dr Mohammed Rajiul Haque and Director of Kumudini Hospital Dr Pradip Kumar Roy participated. They all wished prosperity for the Dental Unit. It is mentionable that the doctors of the Dental Unit have consistently achieved success in providing dental treatment to the patients at a low cost. In the second part of the ceremony there was a beautiful cultural programme presented by the BDS students. •



ভারতেশ্বরী হোমস্ জুলাই বিপ্লবের শহীদদের স্মরণে অনুষ্ঠান



Bharateswari Homes Commemorating the Martyrs of July Revolution



Paying homage to the memory of July Revolution Martyrs.

জুলাই-আগস্ট: ২০২৪ এর অভ্যুত্থানে শহীদদের স্মরণে ৩০শে নভেম্বর ভারতেশ্বরী হোম্সের পিপিএম হলে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হোম্সের অধ্যক্ষা মন্দিরা চৌধুরী। বক্তব্য রাখেন উপাধ্যক্ষ অপূর্ব সাহা, শিক্ষক অমলেন্দু সাহা, গীতা গোপ এবং ঘোষ প্রশান্ত। সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে বিদ্যাপীঠের ছাত্রীরা জুলাই বিপ্লব খারণে দেশাত্মবোধক গান, আবৃত্তি, হামদ-নাত এবং নিজেদের মতামত ব্যক্ত করে।

অনুষ্ঠানে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে এক মিনিট নিরবতা পালন করা হয়। A discussion meeting and cultural event was held on November 30 in memory of those who were martyred in the July-August 2024 revolution. Principal Mrs Mandira Chowdhury was the chief guest at the memorial meeting. Vice Principal Mr Apurba Saha, teachers Mr Amalendu Saha, Mrs Geeta Gope and Ghose Prashanta spoke at the meeting. Students of the institution performed patriotic songs, recitations and Hamd-Nat during cultural session.

One minute silence was observed paying homage to the memory of the martyrs. •

মির্জাপুরে একটি নতুন ক্যাফেটরিয়ার উদ্বোধন

Opening of a New Cafeteria at Mirzapur



Opening ceremony of Kumudini's new Cafeteria at Kumudini Complex, Mirzapur.





১৬ই ডিসেম্বর বিজয় দিবসের নানা আনন্দের মাঝে মির্জাপুরে উদ্বোধন হলো কুমুদিনী ক্যাফেটরিয়া।

উদ্বোধন করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক প্রতিভা মুৎসুদ্দি। এ সময় উপস্থিত ছিলেন কুমুদিনী পরিবারের সদস্যবৃন্দ, কুমুদিনী কমপ্রেক্সের বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ ও কর্মকর্তাবন্দ।

উল্লেখ্য, কুমুদিনী কমপ্লেক্সে ছাত্র, শিক্ষক, ডাক্তার, কর্মকর্তা-কর্মচারিসহ প্রায় আড়াই হাজার মানুষের বসবাস। এছাড়াও প্রতিনিয়ত কুমুদিনী হাসপাতালে চিকিৎসার্থে কয়েক হাজার রোগী, দর্শনার্থী ও তাদের আত্মীয়-স্বজন, অধ্যয়নরত ছাত্রীদের অভিভাবকদের আগমন ঘটে। তাদের ন্যায্য মূল্যে নিরাপদ খাদ্য নিশিত করতে কর্তৃপক্ষের এই আয়োজন।

ক্যাফেটরিয়াটিতে পরিচছন্ন পরিবেশে সকাল, দুপুর, বিকাল ও রাতের খাবারের ভিন্ন ভিন্ন আইটেমের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া এখানে সর্বদা চা, কফি, কোমল পানীয় ও বোতলজাত পানি পাওয়া যায়। ● A modern cafeteria to be run by Kumudini was opened in Mirzapur in the midst of joy of Victory Day on December 16. Director of KWT Ms Protiva Mutsuddi inaugurated. Members of the Kumudini family, heads and officials of other units in the Complex were present.

About 2500 people including students, teachers, doctors, officers and staff reside regularly in the Complex. Besides, a few thousand patients, visitors, and their relatives and guardians of the students studying there visit frequently. To ensure safe food for the customers at fair prices the authority opened this in an environmentally friendly atmosphere.

Kumudini cafeteria will have various food items at different times of the day in a clean and healthy atmosphere. Moreover, there will be tea, coffee, soft drinks and plenty of bakery items all the time.

আর পি সাহা বিশ্ববিদ্যালয় রণদা প্রসাদ সাহার ১২৮তম জন্মজয়ন্তী পালিত

R P Shaha University R P Shaha's 128th Birth Anniversary Celebrated



Celebration of 128th birth anniversary of R P Shaha.

গত ১৮ই নভেম্বর যথাযথ মর্যাদায় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট (কেডব্লিউটি)এর প্রতিষ্ঠাতা শহীদ রণদা প্রসাদ সাহা—র ১২৮তম জন্মজয়ন্তী পালিত হয়।
এই উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের
উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়, কেডব্লিউটি-র পরিচালক মহাবীর
পতি, ট্রেজারার অধ্যাপক ড. রবীন্দ্রনাথ শীল, ব্যবসায় প্রশাসন বিভাগের প্রধান
অধ্যাপক ড. শেখ আব্দুর রহিম, ইংরেজি বিভাগের শিক্ষার্থী অহনা ইসলাম
গুনগুন ও নাফিসা আঞ্জুম নোহা।

বাংলা বিভাগের প্রভাষক সঙ্গীতা চৌধুরীর সঞ্চালনায় বিশ্ববিদ্যালয়ের কালচারেল ক্লাবের সাধারণ সম্পাদক সাবরিন সুলতানা উর্বরা ও তার দলের সঙ্গীত পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। The 128th birthday of Shaheed R P Shaha was celebrated at RPSU on November 18. VC of the University Prof Dr Manindra Kumar Roy, Director of KWT Mr Mahavir Pati, Treasure Prof Dr Rabindranath Shil, Head of Business Administration Dept Prof Dr Sheikh Abdur Rahim, students Ahana Islam Gungun and Nafisa Anjum Noha of English Dept spoke on the occasion.

General Secretary of University Cultural Club Sabrin Sultana Urbara and her team performed music at the end. Lecturer Ms Sangita Chowdhury of Bengali Dept conducted the whole programme. •



নারায়ণগঞ্জ জেলায় উচ্চ মাধ্যমিকে জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

Receptions Accorded to GPA 5 Receivers in HSC in Narayanganj District



GPA 5 recipient in the last HSC Exam receiving Certificate and Crest from the university authority.

২৩শে নভেম্বর ২০২৪ সালে নারায়ণগঞ্জ জেলার বিভিন্ন কলেজের জিপিএ ৫ প্রাপ্ত প্রায় পাঁচশ' শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে সংবর্ধনা দেয়া হয়। অনুষ্ঠানে বিভিন্ন কলেজ থেকে উত্তীর্ণ হওয়া মেধাবী শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের সবুজ ক্যাম্পাসে উপস্থিত হয়ে আনন্দ ও খুশিতে মেতে ওঠেন। তাদের প্রাণবন্ত উপস্থিতি ও উচ্ছাসে পুরো ক্যাম্পাস উৎসবমুখর হয়। সংবর্ধিত শিক্ষার্থীরা এই আয়োজনে তাদের মুগ্ধতার অনুভূতি ব্যক্ত করেন। উপস্থিত শিক্ষার্থীদের প্রত্যেককে বিশ্ববিদ্যালয়ের সনদপত্র ও ক্রেস্ট প্রদান করা হয়।

এই সময় অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন নারায়ণগঞ্জের জেলা প্রশাসক মো. মাহমুদুল হক। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গিয়াসউদ্দিন ইসলামিক মডেল কলেজের অধ্যক্ষ মীর মোহাম্মদ মোসাদ্দেক হোসেন। অনুষ্ঠানে তাঁরা ছাড়াও বক্তব্য রাখেন আদমজীনগর এম ডব্লিও কলেজের অধ্যক্ষ মো. সোলায়মান খন্দকার, সরকারি তুলারাম কলেজের অধ্যক্ষ ড. বিমল চন্দ্র দাস, ভারতেশ্বরী হোম্সের অধ্যক্ষা মন্দিরা চৌধুরী, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষকগণ। বক্তব্য বিষয় ছিল: বাংলাদেশে উচ্চশিক্ষার সম্ভাবনা।

অনুষ্ঠানে অংশগ্রহণকারী অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে ছিল নারায়ণগঞ্জ কলেজ, সোনারগাঁ স্টার ফ্লাওয়ার শাহ্ আলী রফিকুল ইসলাম ফুল অ্যান্ড কলেজ, হাজী মিসির আলী কলেজ, সরকারি হরগঙ্গা কলেজ, প্রফেসার ড. আইয়াজউদ্দিন আহমেদ রেসিডেঙ্গিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজ, নারায়ণগঞ্জ কমার্স কলেজ ইত্যাদি। ● On November 23, about 500 students from different colleges in Narayanganj district who secured GPA 5 in the last HSC Exam were accorded receptions on behalf of RPSU.

On the day students from various areas of the district gathered at the green campus of the university and enjoyed their stay. The whole campus became lively with their enthusiastic presence. Being participated in the event, they expressed their feelings of fascination. The chief guest of the event was the Deputy Commissioner of Narayanganj Mr Md Mahmudul Haque. VC Prof Dr Manindra Kumar Roy presided over the reception ceremony. The special guest was Mir Mohammad Mosaddek Hasain, Principal, Giasuddin Islamic Model College.

Speakers among others were: M/s Md Solaiman Khondaker, Principal, Adamjee Nagar M W College; Dr Bimal Chandra Das, Principal, Govt Tularam College; Mr Mahavir Pati, Director, KWT; Mrs Mandira Chowdhury, Principal, Bharateswari Homes and teachers of RPSU. The topic of discussion was: The Possibility of Higher Education in Bangladesh.

Each of the GPA 5 recipients was given Certificate and Crest.





ফ্যাশন অ্যান্ড ডিজাইন বিভাগের শিক্ষার্থীদের শিক্ষা সফর

বিশ্ববিদ্যালয়ের ফ্যাশন অ্যান্ড ডিজাইন বিভাগের শিক্ষার্থীগণ ডিসেম্বর মাসে দু'টি শিক্ষা সফর সম্পন্ন করেন।

৪ঠা ডিসেম্বর ঢাকা সফরকালে শিক্ষার্থীগণ পরিদর্শন করেন জাতীয় জাদুঘর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ। পক্ষান্তরে, ১১ই ডিসেম্বরের সফরটি ছিল তাদের Apparel Manufacturing কোর্সের আওতায় শিক্ষামূলক ইন্ডাস্ট্রিয়াল ভিজিট।

শিক্ষার্থীগণ ঢাকায় জাতীয় জাদুঘরের বিভিন্ন গ্যালারি ঘুরে বাংলাদেশের মুক্তিযুদ্ধ, প্রাচীন সভ্যতা, শিল্পকলা এবং জীববৈচিত্র্য সম্পর্কে জানার সুযোগ লাভ করেন। তারা একজন গাইডের সহায়তায় জাদুঘর ঘুরে ঘুরে দেখেন এবং প্রাচীন সভ্যতার নিদর্শন সম্পর্কে ধারণা অর্জন করেন।

Study Tour of Fashion and Design Dept

Students of the Fashion and Design Dept went on two study tours in the month of December. The first tour was made on December 5. On this day they visited the Faculty of Fine Arts of Dhaka University and National Museum at Shahbagh. On December 11 they visited M. S. Dyeing, Printing & Finishing Ltd at Fatullah in Narayanganj.

On December 4 students visited various galleries of the National Museum and got the opportunity to learn about our liberation war in 1971, ancient civilization, art and biodiversity of Bangladesh. Then they visited the Faculty of Fine Arts at Dhaka University. Dr Azharul Islam Chanchal, Dean of this Faculty, arranged the visit to departmental classrooms.



Students at the National Museum at Shahbagh in Dhaka.

এরপর সফরকারী শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যলায়ের চারুকলা অনুষদ পরিদর্শন করেন এবং এই অনুষদের ডিন ডক্টর আজহারুল ইসলাম চঞ্চলের আন্তরিকতায় অনুষদের বিভিন্ন ক্লাসরুম পরিদর্শনের সুযোগ পান। শিক্ষার্থীগণ চারুকলা অনুষদে গ্রাফক্স ডিজাইন, আর্ট এক্জিভিশন, সিরামিক ডিপার্টমেন্ট ও প্রিন্টিং ডিপার্টমেন্ট দেখে অনুপ্রাণিত হন।

Apparel Manufacturing কোর্সের আওতায় কোর্স শিক্ষক তুষার আহাম্মদের তত্ত্বাবধানে ১১ই ডিসেম্বর শিক্ষার্থীগণ নারায়ণগঞ্জের ফতুল্লায় M. S. Dyeing, Printing & Finishing লি:-এ ইন্ডাস্ট্রিয়াল ভিজিটে যান।

ফ্যান্টরির ব্যবস্থাপনা পরিচালক মামুনুর রশিদ অত্যন্ত আন্তরিকতার সঙ্গে শিক্ষার্থীদের ফ্যান্টরির বিভিন্ন বিভাগ পরিদর্শনের সুযোগ করে দেন। তারা ফ্যান্টরির নিটিং, ডাইং, কাটিং, প্রিন্টিং, সুইং ফিনিশিং, মার্চেন্ডাইজিং এবং ডিজাইন ডিপার্টমেন্ট পরিদর্শন করে মুগ্ধ হন। On December 11 as a part of the Apparel Manufacturing Course, students under the supervision of the course teacher Mr Tusher Ahmed visited M. S. Dyeing, Printing & Finishing Ltd. Mr Mamunur Rashid, MD of the factory, with all his sincerity gave the students opportunities to visit various departments of the factory. They were fascinated by visiting the Knitting, Dyeing, Printing, Swing, Finishing, Merchandizing and Design Depts.



উল্লেখ্য, ঢাকা ও ফতুল্লায় শিক্ষার্থীদের এই সফরে মুখ্য ভূমিকায় ছিলেন বিশ্ববিদ্যালয়ের ফ্যাশন অ্যান্ড ডিজাইন বিভাগের প্রধান তানজিল হাসনাইন মঈন রনীত।

Mr Tanjil Hasnain Moyeen Ranit, Head of Fashion and Design Dept, RPSU played the vital role of both the tours in Dhaka and Fatullah.



Students visiting M.S. Dyeing, Printing & Finishing Ltd at Fatullah in Narayanganj.

বিশ্ব শিক্ষার্থী দিবস উদ্যাপিত

১৭ই নভেম্বর উদ্যাপিত হলো বিশ্ব শিক্ষার্থী দিবস। বিশ্ববিদ্যালয়ের আইন ও মানবাধিকার বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত এই দিবসটি ছিল সকলের জন্য এক ভিন্ন অভিজ্ঞতা। অনুষ্ঠানে শিক্ষকগণ শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করেন। সভাপতিত্ব করেন আইন ও মানবাধিকার বিভাগের বিভাগীয় প্রধান ড. সেলিনা আক্তার। শিক্ষার্থীদের মধ্যে ছাত্র-শিক্ষক সুসম্পর্ক, মানবাধিকার সচেতনতা এবং শিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধি করাই ছিল এই আয়োজনের লক্ষ্য।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড: মনীন্দ্র কুমার রায়, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি, রেজিস্ট্রার সরকার হীরেন্দ্র চন্দ্র, ব্যবসায় প্রশাসন বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর শেখ আব্দুর রহিম, প্রক্টর কাজী লতিফুর রেজাসহ অন্যান্য বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবন্দ।

কেক কাটার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্ত হয়।

International Students' Day Observed

The Day organized by the Law and Human Rights Dept was celebrated at the University on November 17. Students obtained different experiences by observing this day.

They were offered flowers on the occasion. The aim of this event was to develop student-teacher relations, human rights awareness and education among the students. Dr Selina Akhter, Head of the Law and Human Rights Dept, presided over.

VC Prof Dr Manindra Kumar Roy, Director KWT Mr Mahavir Pati, Registrar Sarker Hirendra Chandra, Head of Business Administration Prof Dr Sheikh Abdur Rahim, Proctor Kazi Latifur Reza, teachers and students from other Depts were present on the occasion.



Celebration of International Students' Day.





আর পি সাহা বিশ্ববিদ্যালয়: একটি প্রশংসনীয় ও অনুকরণীয় উদ্যোগ

দৈনিক ইত্তেফাকে প্রকাশিত সম্পাদকীয়



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বিশেষ ভূমিকা রাখা এবং নারায়ণগঞ্জ শহর পরিচছন্নতাসহ নাগরিকসেবা দানের স্বীকৃতিস্বরূপ আরপিএসইউ-র ১১ শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা প্রদান করা হয়।

গত ৮ই সেপ্টেম্বর রবিবার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বিশেষ ভূমিকা পালন এবং নারায়ণগঞ্জে নগর পরিচ্ছন্নতা ও নাগরিক সেবা প্রদান করিবার স্বীকৃতিষরূপ আর পি (রণদা প্রসাদ) সাহা বিশ্ববিদ্যালয়ের ১১ শিক্ষার্থীকে বিশেষ সম্মাননা প্রদান করিয়াছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ইত্তেফাকে প্রকাশিত সংবাদে জানা যায়, বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের মুখে গত ৫ আগস্ট দেশে রাজনৈতিক পট পরিবর্তনের পর গণভবনে লুটপাট করা সামগ্রী উদ্ধারে 'নিজেদের দায়িত্ববোধ' হইতে সেই দিনই একটি কমিটি গঠন করেন আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ইহার পর বিপুল পরিমাণ মূল্যবান সামগ্রী উদ্ধার করিয়া সেনাবাহিনীর নিকট হস্তান্তর করেন তাহারা। শিক্ষার্থীদের কার্যক্রম এতটুকুতেই থামিয়া থাকে নাই। ৫ই আগস্টের পর নারায়ণগঞ্জে টানা কয়েক সপ্তাহ ট্রাফিক ব্যবহাপনার দায়িত্ব পালনসহ বিধ্বস্ত শহরকে স্বাভাবিক অবস্থায় ফিরাইয়া আনিতে নামেন পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে। এই ঘটনা স্বভাবতই চারিদিকে সাড়া ফেলিয়া দিয়াছে এবং মানবিক ও সৎকর্ম করিবার জন্য শিক্ষার্থীরা ব্যাপক প্রশংসিত হইয়াছেন। মহৎ কর্ম সম্পাদনকারী ১১ শিক্ষার্থীকে সম্মাননাম্বন্ধপ আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে উত্তরীয় পরাইয়া দেওয়া হয়। ভালো কাজের পুরন্ধার হিসাবে শিক্ষার্থীদের সম্মাননা প্রদানের এই আয়োজনকে আমরা সাধুবাদ জানাই। এই ধরণের স্বীকৃতি শিক্ষার্থীদের ভালো কাজের প্রতি অনুপ্রেরণা জোগাইবে। আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের এই উদ্যোগ নিঃসন্দেহে অনুকরণীয় এবং শিক্ষার্থীদের ভালো কাজকে উৎসাহিত করিবার জন্য দেশের অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানও ইহা করিতে পারে। ইহাতে ভালো কাজের প্রতি শিক্ষার্থীদের মনোভাব বজায় থাকিবে এবং সৎকর্মের প্রতি সকলের দায়িত্ববোধ জাগ্রত হইবে।

'দ্য মার্চেন্ট অব ভেনিস' নাটকে উইলিয়াম শেক্সপিয়র একটি চমৎকার উক্তির অবতারণা করিয়াছেন। তিনি বলিয়াছেন, How far that little candle throws his beams! So shines a good deed in a weary world! —এই উক্তির মাধ্যমে বিশ্বজগতের উদ্দেশ্যে শেক্সপিয়র মূলত এই বার্তা দিয়াছেন যে, একটি ছােট্ট মােমবাতি— যেমন আলােক-রশ্মির সাহায্যে অন্ধকার ঘরকে আলােকিত করিতে পারে, তেমনি ক্লান্ত ও অশান্ত পৃথিবীতে আলাে লইয়া আসিতে পারে একটি ভালাে কাজ। অর্থাৎ ভালাে ও মহৎ কর্ম সর্বদাই প্রশংসার দাবি রাখে। আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যেই মহৎ কর্ম সম্পাদন করিয়াছেন, তাহার পটভূমিতে দাঁড়াইয়া শারণ করিতে হয় বিশ্ববিদ্যালায়টির প্রতিষ্ঠাতা প্রয়াত রণদা প্রসাদ সাহার কথাও। তিনি ছিলেন এক অনন্য ও কীর্তিমান মানুষ। মহান দানবীর হিসাবে তাহাের ব্যাপক সুখ্যাতি রহিয়াছে দেশে-বিদেশে। এই বঙ্গেও মহৎপ্রাণ ব্যক্তি 'একজন আর পি সাহা' এবং তাহাের সংগ্রামী কর্মময় জীবন আগামী প্রজন্মের জন্যও অবশ্যপাঠ্য বটে।

দরিদ্য হইতে দানবীর খেতাবে ভূষিত আর পি সাহা জীবনপথের একেবারে শুরু হইতেই বহু চড়াই-উতরাইয়ের সমুখীন হন। ভাগ্য অন্বেষণে ১৯৩২ সালে কলকাতা পাড়ি জমাইয়া ব্যবসা শুরু করেন এবং সফলকাম হন। এই মহান মানুষটির ছেলেবেলার সংকল্প ছিল দেশের জন্য, দেশের মানুষের কল্যাণে কাজ করা। আর সেই কথা শারণ করিয়াই তিনি ১৯৩৮ সালে নিজ এলাকা টাঙ্গাইলে ফিরিয়া আসেন। পরবর্তী সময়ে তিনি দাতব্য চিকিৎসালয়, হাসপাতাল, জুল, কলেজ, বিশ্ববিদ্যালয় প্রভৃতি বিভিন্ন সমাজসেবামূলক প্রতিষ্ঠান প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখেন। জীবনসংগ্রামে প্রতিষ্ঠা পাইয়া প্রচুর ধনসম্পদের মালিক হইয়াও তিনি ভোগবিলাসের সময় ব্যয় করেন নাই। বরং জীবনের অর্জিত সকল অর্থ সম্পদ তিনি ওয়েলফেয়ার ট্রাস্টে দান করিয়া গিয়াছেন। আর পি সাহা-র ন্যায় মানবতাবাদী ও দানবীর ব্যক্তি আজিকার দিনে খুবই বিরল। '৭১—এর ৭ই মে হানাদার বাহিনীর সদস্যরা আর পি সাহা ও তাহার ছেলে ভবানী প্রসাদ সাহা রবিকে ধরিয়া লইয়া যায়। সেই থেকে আজ অবধি তাহাদের কোনো খোঁজ মিলে নাই।

'একটি ভালো খ্যাতি তৈরি করিতে অনেকগুলো ভালো কাজের প্রয়োজন'। কথাটি বেঞ্জামিন ফ্রাংকলিনের। বস্তুত, অসংখ্য ভালো কাজের খ্যাতি রহিয়াছে আমাদের শিক্ষার্থীদের, যাহা বৈষম্যবিরোধী শিক্ষার্থী আন্দোলনের সময় দৃষ্টি কাড়িয়াছে। আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ন্যায় সেই সকল ভালো কাজে আত্মনিয়োগকারী অন্যান্য শিক্ষার্থীকেও আমরা বিশেষভাবে সম্মানিত করিতে পারি।

[সম্মাননা প্রাপ্ত শিক্ষার্থীগণ হলেন: সুমাইয়া আজার তানহা, মিশু আজার টিনা, ফাহিমা আজার, সাদিয়া রাহমান সারা, আনিশা হোসাইন, মাহিব শেখ, সাদাফ আহমেদ, আফরিন আজার, আজিমা আশাফ মাইশা, তাজরিন জামান মহিনী এবং মো. আলআমিন হোসেন]





9th Syndicate Meeting of R P Shaha University. - 17 Dec 2024



MPH students attended 10th International Public Health Conference 2024 at Bogura organized by Public Health Foundation Bangladesh & TMMS Medical College, Bogura. - 6-7 Dec 2024



Students of Law visited the Supreme Court of Bangladesh organized by the Dept of Law and Human Rights of RPSU.



Dept of English organized a programme titled Heem Bilash-1431 at Bottala in the Campus to welcome the Winter season. - 3 Dec 2024



Official inauguration of RPSU Debate Club Executive Committee. - 9 Dec 2024



Certification Ceremony for the Mooting Worshop hosted by the Dept of Law & Human Rights. - 22 Dec 2024



কুমুদিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান

সেস্টেম্বর-ডিসেম্বর : ২০২৪

Kumudini Hospital Treatment Statistics

September-December: 2024

| টিকাদান কর্মসূচি | | | | | Vaccination Programme | | | | |
|---|---|---------------|---------|-------------------|------------------------------|------------------|---------|----------|----------|
| · | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | | September | October | November | |
| পোলিও | ৬৪২ | ৩৯৬ | ৬০৬ | ৬৮৯ | Polio | 642 | 396 | 606 | 689 |
| টিটি | ২৩৫ | ২১৪ | ১৬ | 0 | T.T | 235 | 214 | 161 | 0 |
| বিসিজি | ২০০ | 0 | 0 | ২২৮ | B.C.G | 200 | 0 | 0 | 228 |
| রুবেলা | ৩০৭ | ২৩৮ | ২৭৬ | ৩১ ৭ | Robela 3 | 07 | 238 | 276 | 317 |
| প্যান্টাভ্যালেন্ট | ৬০২ | ৩৬৭ | ৫৬৫ | ৬৫৩ | Pantavalent | 602 | 367 | 565 | 653 |
| পিসিভি | ৬০২ | ৩৬৭ | ৫৬৫ | ৬৫৩ | PCV | 602 | 367 | 565 | 653 |
| এফ, আই, পি, ভি | ৩৮৬ | ₹88 | 867 | ৩৯৫ | FIPV | 386 | 244 | 481 | 395 |
| ভিটামিন 'এ' ক্যাপ ২০০০০০ | 0 | 0 | 0 | 0 | Vitamin 'A' Cap 200000 | 0 | 0 | 0 | 0 |
| ভিটামিন 'এ' ক্যাপ ১০০০০০ | 0 | 0 | 0 | 0 | Vitamin 'A' Cap 100000 | 0 | 0 | 0 | 0 |
| হাসপাতালে ভর্তিকত রোগী | | | | | Patient Admitted in Hospital | | | | |
| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | | September | October | November | December |
| ভৰ্তি | ৪৯৫৬ | ৪৯৭৮ | ৪৩৬৭ | 8274 | Admission | 4956 | 4978 | 4367 | 4115 |
| বহির্বিভাগে মোট রোগী | 0.020 | 0.0 10 | | 3334 | Out Patient | 1,520 | 1,5,7,0 | 1507 | 1110 |
| 112179191919 | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | out runent | September | October | November | December |
| | ৫১৩৪৬ | &2ppp | ৪৫১৯০ | ৪১৭৬৮ | | 51346 | 51888 | 45190 | 41768 |
| হাসপাতালে মৃত্যু | (2080 | (2000 | 86290 | 82100 | Patient Death in Hospital | 31340 | 31000 | 43190 | 41700 |
| হাপণাভাগে মৃত্যু | সেপ্টেম্বর | অক্টোবর | -10 | गिरुप्रस्व | Fatient Death in Hospital | Contombou | Ostobou | Novembou | December |
| | | | নভেম্বর | ডিসেম্বর | | September | October | November | |
| | \$08 | \$8€ | ১২৫ | 779 | | 134 | 145 | 125 | 117 |
| অন্ত্রোপচার পরিসংখ্যান | | | | | Operation | | | | |
| সার্জারি | | 5. | | | Surgery | | | 1 | _ |
| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | | September | October | November | |
| মেজর | ১৩১ | 772 | ১১৬ | ৮৩ | Major | 131 | 118 | 116 | 83 |
| সেমি মেজর | ৩২ | ৩১ | ୯୦ | ৩৮ | Semi Major | 32 | 31 | 50 | 38 |
| মাইন্র | ৫৭৯ | ৬৩৩ | ৫১১ | ৫২৪ | Minor | 579 | 633 | 511 | 524 |
| অর্থোপেডিক্স | | | | | Orthopaedics | | | | |
| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্ <u>বর</u> | | September | October | November | December |
| মেজর | ৭৮ | ৬১ | | ৬৬ | Major | 78 | 61 | 57 | 66 |
| সেমি মেজর | 8 | ২২ | 8& | ২৮ | Semi Major | 23 | 22 | 45 | 28 |
| মাইনর | 862 | 8&& | ৩৯৭ | 90 & | Minor | 451 | 455 | 397 | 305 |
| ঠোট কাটা , তালু কাটা | | | | | Cleft Lip, Cleft Palate | | | • | |
| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | | September | October | November | December |
| মেজর | ১৯ | 0 | 30 | ১২ | Major | 19 | 0 | 10 | 12 |
| নাক, কান, গলা | | | | | E.N.T. | | | | ~~ |
| 117, 111, 111 | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | 2514.1. | September | October | November | December |
| মেজর | 99 | ৮৩ | ৬৬ | ৫১ | Major | 77 | 83 | 66 | 51 |
| মাইনর | ৬৩ | ૯૨ | 99 | 89 | Minor | 63 | 52 | 33 | 47 |
| গাইনি | | 44 | | 81 | Gynae | 0.5 | 32 | 33 | 47 |
| गारान | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | Супае | Contombon | Ootobou | Novembou | December |
| CITE | | | | | M-: | September | October | November | |
| মেজর | Ø₽ • | ৮৬ | 89 | 60 | Major | 58 | 86 | 54 | 50 |
| সেমি মেজর | ৬১ | ৫২ | 8২ | ೨೦ | Semi Major | 61 | 52 | 42 | 30 |
| মাইনর | ۵ | ২ | ২ | 0 | Minor | 1 | 2 | 2 | 0 |
| অবসটেট্রিক্স | | | | | Obstetrics | | 0 . 1 | | - · |
| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | | September | October | November | |
| মেজর | ৩১৩ | ৩২১ | ২৩৫ | ২৬০ | Major | 313 | 321 | 235 | 260 |
| স্বাভাবিক - | 200 | ১৩৬ | \$8& | ১৫১ | Normal | 130 | 136 | 145 | 151 |
| চক্ষু | | | | | Eye | | | | |
| অপারেশন | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | Operation | September | October | | December |
| মেজর | ৩২৬ | ৩৫৮ | ২৯৫ | ২১৬ | Major | 326 | 358 | 295 | 216 |
| অন্যান্য | ২০ | ৪৯ | રર | ৩২ | Others | 20 | 49 | 22 | 32 |
| দন্ত | | | | | Dental | | | | |
| অপারেশন | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্ <u>ব</u> র | Operation | September | October | November | December |
| মেজর | ১২০ | ৯০ | ৮৭ | ৭৯ | Major | 120 | 90 | 87 | 79 |
| সেমি মেজর | ೨೨ | ২৭ | ২৭ | ৩২ | Semi Major | 33 | 27 | 27 | 32 |
| মাইনর | ২৪৮ | ২৬৬ | ২১৯ | ২৫৭ | Minor | 248 | 266 | 219 | 257 |
| মাইনর অপারেশন | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | Minor Operation | September | October | November | |
| বহির্বিভাগ | ৮৩২ | ৯০২ | ৮২১ | ৮২৮ | Out Patient | 832 | 902 | 821 | 828 |
| | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | <u>ডিসেম্বর</u> | | September | October | November | |
| আই সি ইউ | 80 | ৪৬ | ৫৩ | 85 | ICU | 43 | 46 | 53 | 42 |
| 6 6 5 | সেপ্টেম্বর | তভ অক্টোবর | নভেম্বর | ত্র ডিসেম্বর | | September | October | November | |
| কিডনি ডায়ালাইসিস | | | | | Kidney Dialysis | | 339 | 292 | 320 |
| | ৩১১ | ৩৩৯ | ২৯২ | ৩২০ | | 311 Contombou | | | |
| এন আই সি ইউ | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | <u>ডিসেম্বর</u> | NICU | September | October | November | |
| | ৩৪৭ | ೨ ೦೦ | 577 | ২০৪ | T. C | 347 | 300 | 211 | 204 |
| চক্ষু শিবির ঠিকানা মাস/তারিখ পুরুষ মহিলা মোট | | | | | Eye Camp | 3.5 | 37.7 | | m |
| | | পুরুষ | মহিলা | মোট | Address | Month/Date | Male | Female | Total |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৯/২০২৪ | 788 | 306 | ২৪৯ | Fulbaria, Mymensingh | 7/9/2024 | 144 | 105 | 249 |
| মধুপুর ় টাংগাইল | ১৫/৯/২০২৪ | | ૧૨ | ১২৩ | Madhupur, Tangail | 15/9/2024 | 51 | 72 | 123 |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/১০/২০২৪ | ১৬৮ | ৬১ | ২২৯ | Fulbaria, Mymensingh | 7/10/2024 | 168 | 61 | 229 |
| মধুপুর, টাংগাইল | ১৫/১০/২০২৪ | ৭৮ | ৮৭ | ১৬৫ | Madhupur, Tangail | 15/10/2024 | 78 | 87 | 165 |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/১১/২০২৪ | \$8¢ | ৯৮ | ২৪৩ | Fulbaria, Mymensingh | 7/11/2024 | 145 | 98 | 243 |
| মধুপুর, টাংগাইল | ১৬/১১/২০২৪ | ৬৯ | ৬১ | ১৩০ | Madhupur, Tangail | 16/11/2024 | 69 | 61 | 130 |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | 9/52/2028 | ৭৬ | ৩৯ | ১১৫ | Fulbaria, Mymensingh | 7/12/2024 | 76 | 39 | 115 |
| | . , , , , , , , , , , , , , , , , , , , | | | | | | | | |
| মধুপুর , টাংগাইল | 26/22/2028 | ও ৮ | 8৯ | ৮৭ | Madhupur, Tangail | 15/12/2024 | 38 | 49 | 87 |

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024 E-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website: www.kumudini.org.bd